গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
http://damurhuda.chuadanga.gov.bd

নং : ০৫.৪৪.১৮৩১.০০০.৯৬.০০১.২০-১৮০ তারিখ: ০৯-০২-২০২০খ্রি:।

: হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দামুড়হুদা উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৭ সনের জন্য ০১(এক) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে বর্ণিত তারিখসমূহে আগ্রহী হাট-বাজার ব্যবসায়ী ও ব্যক্তিবর্গের নিকট থেকে বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তে ও নির্ধারিত ফরমে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), দামুড়হুদা এর কার্যালয়, সোনালী ব্যাংক লি:, দামুড়হুদা শাখা, অফিসার ইনচার্জ, দামুড়হুদা মডেল থানা-এর কার্যালয় ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা, পুলিশ সুপার, চুয়াডাঙ্গা, সহকারী কমিশনার (ভূমি), দামুড়হুদা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐদিন বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। প্রথম দফায় প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি ধর্তব্য মূল্য অপেক্ষা কম হলে উক্ত দর গ্রহণযোগ্য হবে না। সেক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত দ্বিতীয় দফায় নির্ধারিত তারিখে দরপত্র দাখিল করতে হবে। দ্বিতীয় দফায় কাঙ্খিত মূল্য না পাওয়া গেলে তৃতীয় দফায় নির্ধারিত তারিখে দরপত্র দাখিল করতে হবে। তৃতীয় দফায়ও কাঙ্খিত মূল্য না পাওয়া গেলে সে ক্ষেত্রে কাঙ্খিত মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

উল্লেখ্য যে, এক দফায় ক্রয়কৃত দরপত্র সিডিউল অন্য দফায় দাখিল করা যাবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

ক্র: নং	হাট-বাজারের নাম	দরপত্র দাখিলের তারিখসমূহ			বাংলা ১৪২৭ সনের সরকারি ধর্তব্য মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
		১ম দফা ২৫/০২/২০২০	২য় দফা ১১/০৩/২০২০	৩য় দফা ২৯/০৩/২০২০			
১.	ডুগডুগি শুক্রবারের তরকারী হাট	"	"	"	২,২৭,০৬০/-	১,২০০/-	
২.	জয়রামপুর স্টেশন হাট	"	"	"	১,৭১,১৩৩/-	১,০০০/-	
৩.	কার্পাসডাঙ্গা হাট ও দৈনিক তহ বাজার	"	"	"	২০,৪৪,০২৭/-	৪,৮০০/-	
৪.	দামুড়হুদা হাট	"	"	"	৪,৬৩,৫৭৫/-	১,৬০০/-	
৫.	দামুড়হুদা তহ হাট	"	"	"	২১,৬২৫/-	৫০০/-	
৬.	গোবিন্দহুদা হাট	"	"	"	১,২১,৯৩৭/-	১,০০০/-	
৭.	জগন্নাথপুর হাট	"	"	"	১,৪৮,৬৩১/-	১,০০০/-	
৮.	ভগিরথপুর হাট	"	"	"	২৩,৪৪৮/-	৫০০/-	
৯.	কুড়ুলগাছি হাট	"	"	"	১,১৬,১৪৬/-	১,০০০/-	
১০.	ঠাকুরপুর হাট	"	"	"	৮,০২৮/-	৫০০/-	
১১.	বড়বলদিয়া হাট	"	"	"	২৩,২১৬/-	৫০০/-	
১২.	মদনা তহ হাট	"	"	"	৪৭,৩৮৭/-	৫০০/-	
১৩.	নাটুদহ পশুহাট	"	"	"	৬,১৫,৯৪০/-	২,০০০/-	
১৪.	চারুলিয়া হাট	"	"	"	৫,৮৩০/-	৫০০/-	
১৫.	চন্দ্রবাস হাট	"	"	"	২৮,৯৯১/-	৫০০/-	
১৬.	হোগলডাঙ্গা হাট	"	"	"	৭,৭৬৬/-	৫০০/-	
১৭.	কালিয়াবকরী হাট	"	"	"	৩৮,৯৫৭/-	৫০০/-	
১৮.	হেমায়েতপুর হাট	"	"	"	৩,১৮১/-	৫০০/-	
১৯.	ছুটিপুর হাট	"	"	"	১৯,১৬০/-	৫০০/-	
২০.	গোপালপুর হাট	"	"	"	৩,৭১০/-	৫০০/-	
২১.	লক্ষিপুর হাট	"	"	"	২৭,৫৬০/-	৫০০/-	
২২.	বিষ্ণুপুর হাট	"	"	"	৮২,৪৭৪/-	৫০০/-	
২৩.	জুড়ানপুর হাট	"	"	"	৭,৯৫২/-	৫০০/-	

২৪.	কুতুরপুর হাট	"	"	"		২৭,৬২০/-	৫০০/-	
২৫.	চন্ডিপুর হাট	"	"	"		৩,২৯২/-	৫০০/-	
২৬.	বুইচিতলা হাট	"	"	"		২,১৩৬/-	৫০০/-	

বাংলা ১৪২৭ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :

০১। বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে সিডি/ পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা-এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপর্ণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই টাকা গ্রহণ করা হবে না এবং উক্ত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে দরাত্র বাতিল হবে; সেই সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি ধর্তব্য মূল্য হতে কম হয় তা হলে কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত পুণরায় দরপত্র আহবান অব্যাহত থাকবে।

০৫। একটি বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার দরপত সিডিউল অন্য দফায় ব্যবহার করা যাবে না।

০৬। দরপত্র দাখিলের খামের উপরে দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট/ বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট লটকাইয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয়, তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, ফ্লুইড ব্যবহার বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজর ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যম আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১/১/২০২০
এস.এম. মুনিম লিংকন
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
ফোন-০৭৬২৩৫৬০০১
unodamurhuda@mopa.gov.bd

নং : ০৫.৪৪.১৮৩১.০০০.৯৬.০০১.২০-১৮০ তারিখ: ০৯-০২-২০২০খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৫। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
০৭। মেয়র, চুয়াডাঙ্গা/ আলমডাঙ্গা/ দর্শনা/ জীবননগর পৌরসভা, চুয়াডাঙ্গা।
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও বহুল পচারের জন্য :

০৯। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১১। অফিসার ইনচার্জ, দামুড়হুদা মডেল থানা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১২। উপজেলা............................অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১৩। চেয়ারম্যান, জুড়ানপুর/ নতিপোতা/ কার্পাসডাঙ্গা/ কুড়ুলগাছি/ পারকৃষ্ণপুর-মদনা/ হাউলী/ দামুড়হুদা/ নাটুদহ ইউপি, দামুড়হুদা, চুযাডাঙ্গা।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.........................ইউনিয়ন ভূমি অফিস, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১৫। জনাব.....................................ইজারাদার,.................................. হাট, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

০৯/০২/২০২০

এস.এম. মুনিম লিংকন
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
ফোন-০৭৬২৩৫৬০০১
unodamurhuda@mopa.gov.bd